



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট  
তথ্য ও অভিযোগ শাখা

তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	এম কাজী এমদাদুল ইসলাম জেলা প্রশাসক
সভার তারিখ	১৫ সেপ্টেম্বর, ২০১৯
সভার সময়	বিকাল ৩:৩০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়ঃ

২। সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় অনলাইন প্রশিক্ষণ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়া সরকারি যেকোন সহায়তা পেতে ৩৩৩ এবং আইন শৃঙ্খলা সংক্রান্ত সহায়তার জন্য ৯৯৯ এ কল করার জন্যও বলেন। সভায় কমিটির সকল সদস্যের উপস্থিতি নিশ্চিতকরণ সংক্রান্ত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালে তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, পদবী ও নেইম প্লেইট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কক্ষের সামনে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রতিটি দপ্তরের দৃশ্যমান স্থানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন নাম্বার, দাপ্তরিক ইমেইল ও ওয়েব এড্রেস লিখে সাইনবোর্ড টানাতে হবে।	১. সংশ্লিষ্ট সকল দপ্তর ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২	২৫ অক্টোবর, ২০১৯ তারিখের মধ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সকল দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে নিজ উদ্যোগে নিম্নের লিংক থেকে অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। <a href="http://infocom.portal.gov.bd">http://infocom.portal.gov.bd</a>	১. সংশ্লিষ্ট সকল দপ্তর ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৩	প্রত্যেক দপ্তরের ওয়েবপোর্টালে তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, মোবাইল ও ই-মেইল হালনাগাদ করতে হবে। সকল উপজেলার ওয়েবসাইটে সংশ্লিষ্ট তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের নাম, মোবাইল নাম্বার ও ই-মেইল প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে।	১. সংশ্লিষ্ট সকল দপ্তর ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৪	প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানের জন্য মোট আবেদনের সংখ্যা ও মোট তথ্য সরবরাহের সংখ্যা নিয়মিত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১. সংশ্লিষ্ট সকল দপ্তর ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৫	তথ্য প্রদানের জন্য আপীল আবেদনের সংখ্যা ও আপীল আবেদন নিষ্পত্তির সংখ্যা নিয়মিত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১. সংশ্লিষ্ট সকল দপ্তর ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৬	আবেদনকারীর চাহিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।	১. সংশ্লিষ্ট সকল দপ্তর ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৭	তৃণমূল পর্যায়ের লোকজন এবং স্থানীয় জনপ্রতিনিধিদের নিয়ে উঠান বৈঠকের মাধ্যমে সাধারণ মানুষকে তথ্য অধিকার আইন সম্পর্কে জানাতে হবে। এক্ষেত্রে সাংবাদিকদেরও সম্পৃক্ত করতে হবে।	ব্র্যাক
৮	এনজিওরা প্রকল্পের মাধ্যমে জনগনকে তথ্য অধিকার সম্পর্কে সচেতন করবেন।	সংশ্লিষ্ট এনজিও সমূহ
৯	আগামি জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভার পূর্বেই উপজেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভা করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১০	তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়নের নিমিত্ত প্রত্যেক দপ্তরের সাথে সংশ্লিষ্ট তথ্য তার নিজস্ব ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।	সংশ্লিষ্ট সকল দপ্তর

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এম কাজী এমদাদুল ইসলাম  
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২১.০৬.০০১.১৭.৪৭৮

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬

১০ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
- ২) সচিব, সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৪) পুলিশ সুপার, সিলেট
- ৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৬) সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, সিলেট
- ৭) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ শিক্ষা ও আইসিটি/রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
- ৮) অধ্যক্ষ, সিলেট সরকারী মহিলা কলেজ, সিলেট
- ৯) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, সিলেট
- ১০) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট
- ১১) উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট
- ১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)....., সিলেট
- ১৩) উপজেলা চেয়ারম্যান, সিলেট সদর, সিলেট
- ১৪) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১৫) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট
- ১৬) উপ পরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট
- ১৭) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, সিলেট

- ১৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট  
১৯) উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট  
২০) সভাপতি, সিলেট জেলা প্রেসক্লাব, সিলেট  
২১) সভাপতি, সিলেট জেলা বার অ্যাসোসিয়েশন, সিলেট  
২২) সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সিলেট  
২৩) জেলা ব্যাক প্রতিনিধি, ব্যাক, সিলেট  
২৪) প্রজেক্ট কো-অর্ডিনেটর, সীমান্তিক, সিলেট  
২৫) সভাপতি, সিলেট উইমেন্স চেম্বার অব কমার্স, সিলেট  
২৬) সুশীল সমাজ প্রতিনিধি, সিলেট  
২৭) জনাব, ....., সিলেট



এম কাজী এমদাদুল ইসলাম  
জেলা প্রশাসক